# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪২৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - ফাসিক ব্যক্তির ইমামতি বৈধ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم: «صَلُّوا عَلَى مَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ, وَصَلُّوا خَلْفَ مَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ». رَوَاهُ الدَّارَقُطْنِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ

موضوع. رواه الدارقطني (2/ 56)، وله طرق عن ابن عمر، ولكن كلها واهية، ففي قول الحافظ «بإسناد ضعيف» تسامح كبير، ومثله قول النووي في «المجموع» (4/ 153)

বাংলা

৪২৭. ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি "লা-ইলাহা ইল্লাল্লাহু" কালিমা পাঠ করেছে তার জানাযার সালাত আদায় কর। আর যে ব্যক্তি "লা-ইলাহা ইল্লাল্লাহু" কালিমা পাঠ করেছে তার পেছনে (মুক্তাদী হয়ে) সালাত আদায় করবে। —দারাকুৎনী দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] দারাকুতনী ২/৫২। হাদীসটি সহীহ। ইমাম তিরমিযী হাদীসটি বর্ণনা করার পর বলেন, হাদীসটি গরীব। প্রকৃতপক্ষে এর অনেক শাহেদ হাদীস থাকার কারণে হাদীসটি সহীহ।

আল কামিল ফিয যুয়াফা (৩/৪৭৮) গ্রন্থে ইবনু আদী হাদীসটি বানোয়াট বলে আখ্যা দিয়েছেন। আল ওহম ওয়াল ইহাম (৫/৬৮৫) গ্রন্থে ইবনু কাত্তান বলেন সানাদে একজন রাবী কাযযাব (মিথ্যাবাদী) রয়েছে। এ ছাড়া ফাতাওয়া মূর আলাদ্দার (১৪/৪৪) গ্রন্থে বিন বায আল আল আমিউস স্বাগীর (৫০৩০) গ্রন্থে ইমাম সুয়ূত্বী ইরওয়াউল গালীল

(৭২০) ও যয়ীফুল জামে (৩৪৮৩) গ্রন্থে আলবানী দুর্বল আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70238

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন